# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৯৬

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আরাফার দিন আরাফায় অবস্থানকারী ব্যক্তির জন্য বৈধ রয়েছে সিয়াম না রাখা, যাতে শক্তিশালী অবস্থায় সেদিন দুআ করতে পারে

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُفطر يَوْمَ عَرَفَةَ بِعَرَفَاتٍ حَتَّى يَكُونَ أَقْوَى عَلَى الدُّعَاءِ فِي ذلك اليوم

---

আরবী

3596 ـ أَخْبَرَنَا خَالِدُ بْنُ النَّضْرِ بْنِ عَمْرٍو بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ غِيَاثٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ قَالَ: حَدَّثَنَا أَيُّوبُ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم أُتِيَ بِرُمَّانٍ يَوْمَ عَرَفَةَ فَأَكَلَ قَالَ: وَحَدَّثَتْنِي أُمُّ الْفَضْلِ أَنَّ رسول الله صلى الله عليه وسلم أُتي يوم عرفة بلبنٍ فشرب منه.
الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3596 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق على ((صحيح ابن خزيمة)))) (2102)

বাংলা

৩৫৯৬. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আরাফার দিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ডালিম দেওয়া হলে তিনি তা খেয়ে নেন।” তিনি আরো বলেন, “আমাকে উম্মুল ফযল রাদ্বিয়াল্লাহু আনহা হাদীস বর্ণনা করেছেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আরাফার দিন দুধ দেওয়া হলে তিনি সেখান থেকে কিছু পান করেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩৩৮; সহীহ ইবনু খুযাইমাহ: ২১০২; সুনান বাইহাকী: ৪/২৮৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৮১৪; তিরমিযী: ৭৫০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকু আলা সহীহ ইবনু খুযাইমাহ: ২১০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92932

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন